যুগান্তর

JUN. 20 2002

তারিখ ...........................
পৃষ্ঠা ...... কলাম ......

# ঢাবি ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্রলীগের মিছিল সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্রদল নেতৃবৃন্দ বলেছেন, ছাত্রসমাজ বিভ্রান্তিকর মিথ্যাচার প্রতিরোধ করবে। অন্যদিকে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেছেন, জোট সরকারের ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে তারা বৃহত্তর ছাত্র আন্দোলন গড়ে তুলবে।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের লাশ সম্পর্কে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার মন্তব্যের প্রতিবাদে ছাত্রদল এবং জাতীয় সংসদে শেখ হাসিনার বিরুদ্ধে গৃহীত শোক প্রস্তাবের প্রতিবাদে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের পৃথক সমাবেশে তারা এ কথা বলেন।

ক্যাম্পাসে মিছিল শেষে কলা ভবনের মূল গেটে অনুষ্ঠিত ছাত্রদলের সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন। বক্তৃতা করেন নূরুল ইসলাম নয়ন, হারুন অর রশীদ হারুন, আসাদুজ্জামান আসাদ, ওমর ফারুক শাফিন, কামরুল হাসান, মাজহারুল ইসলাম বাবু প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, রাজনৈতিক ক্ষেত্রে দেউলিয়া হয়ে শেখ হাসিনা আবোল-তাবোল বকছেন। সে ব্যাধী তার সংগঠনের নেতাকর্মীদের মধ্যে ক্রমেই সংক্রমিত হচ্ছে। গণতান্ত্রিক সংস্কৃতির জন্য শালীনতা আবশ্যক।

ছাত্রলীগ ক্যাম্পাসে মিছিল শেষে কেন্দ্রীয় লাইব্রেরি গেটে সমাবেশ করে। সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শেখর, সহ-সভাপতি বলরাম পোদ্দার, ওয়াহিদুর রহমান টিপু, সীমান্ত তালুকদার, পনিরুজ্জামান তরুণ, জাকির হোসেন মারুফ, আবদুল আলীম, বেগ শাহীন জাহান প্রমুখ।

তারা বলেন, সংখ্যাগরিষ্ঠের জোরে জোট সরকারের সাংসদরা জাতীয় সংসদকে অশ্লীল খিস্তি খেউড়ের ক্লাবঘরে পরিণত করেছেন। জনগণ তাদের কষ্টার্জিত পয়সায় পরিচালিত সংসদকে এভাবে অপব্যবহৃত হতে দেবে না। ছাত্রসমাজ শেখ হাসিনার নামে আর কোন কটূক্তি সহ্য করবে না।